
# পরিচালকদের সংক্ষিপ্ত জীবন-বৃত্তান্ত



**মোহাম্মদ আব্দুল হালিম**
চেয়ারম্যান

মোহাম্মদ আব্দুল হালিম, আজিজ পাইপস্ লিমিটেডের একজন উদ্যোক্তা পরিচালক। তিনি অর্থনীতি বিষয়ে জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৫ সালে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি বিভিন্ন ব্যবসা ও শিল্প প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছেন। এক্ষেত্রে তার দীর্ঘ ৪৫ বৎসর অভিজ্ঞতা আছে। তিনি প্রথম বেসরকারী ব্যাংক, ন্যাশনাল ব্যাংক লিমিটেডের সাবেক পরিচালক ছিলেন। তিনি আজিজ পাইপস্ লিমিটেডের চেয়ারম্যান এর দায়িত্ব পালন করছেন।



**মোহাম্মদ আহসান উল্লাহ্**
উদ্যোক্তা পরিচালক

মোহাম্মদ আহসান উল্লাহ্, আজিজ পাইপস্ লিমিটেডের একজন উদ্যোক্তা পরিচালক। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে ইলেকট্রিক্যাল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি লাভ করেন। বর্তমানে তিনি বিদেশে অবস্থান/বসবাস করছেন।



**মোহাম্মদ আসাদ উল্লাহ্**
পরিচালক

মোহাম্মদ আসাদ উল্লাহ্, বিএসসি ইঞ্জিনিয়ারিং পাশ করেন এবং অহিও ষ্টেট ইউনির্ভাসিটি, ইউএসএ থেকে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি আজিজ পাইপস্ লিমিটেডের একজন পরিচালক। বর্তমানে তিনি বিদেশে অবস্থান/বসবাস করছেন।



**ডঃ স্বপন কুমার ধর**
স্বতন্ত্র পরিচালক

ডঃ স্বপন কুমার ধর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৪ সালে পরিসংখ্যান বিষয়ে সম্মান এবং ১৯৭৫ সালে একই বিষয়ে এমএসসি ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে তিনি ১৯৮২ সালে দিল্লী বিশ্ববিদ্যালয় থেকে Mathematical Statistics বিষয়ে এম ফিল এবং একই বিশ্ববিদ্যালয় থেকে একই বিষয়ে ১৯৮৯ সালে পিএইচডি ডিগ্রী লাভ করেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগে Lecturer হিসেবে যোগদান করেন এবং ২০১৯ সালে একই বিভাগের Professor হিসেবে অবসর গ্রহন করেন। জনাব ডঃ স্বপন কুমার ধর ২০০১ সাল থেকে ২০০৪ সাল পর্যন্ত পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্বপালন করেন। তিনি ফাইনান্স কমিটির সদস্য, সিন্ডিকেড ও সিনেট সদস্য, প্রভোষ্ট, ফ্যাকাল্টির সার্চ কমিটির সদস্য ছিলেন। এছাড়াও তিনি University of Benghazi, Libya, Faculty of Economics G Asst. Professor হিসেবে ১৯৯৭ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত অধ্যপনা করেছেন। শিক্ষকগতা পেশায় তার ৩৩ বৎসরের অভিজ্ঞতা আছে। তিনি উচ্চতর ডিগ্রি ও পেশাগত দক্ষতা অর্জনে বিদেশে ভ্রমন ও আবস্থান করেছেন। তিনি আজিজ পাইপস্ লিঃ এর স্বতন্ত্র পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

**জামাল উদ্দিন ভূঁইয়া**
স্বতন্ত্র পরিচালক




জামাল উদ্দিন ভূঁইয়া, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৯ সালে বি.কম এবং দারুল ইহসান বিশ্ববিদ্যালয় থেকে ২০০৮ সালে ফিন্যান্স বিষয়ে মাষ্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশন (এমবিএ) ডিগ্রি অর্জন করেন। তিনি মেসার্স এম.আহম্মেদ এন্ড কোং (চার্টার্ড একাউন্ট্যান্টস) থেকে ১৯৯৪ সালে চার্টার্ড একাউন্ট্যান্টসি কোর্স সম্পন্ন এবং সিএ (PE-1) পাশ করেন। জনাব ভূঁইয়া ন্যাশনাল বোর্ড অব রিভিনিউ (এনবিআর) এর একজন রেজিষ্ট্রার্ড Income Tax Practitioner (ITP)। একাউন্টস, ফিনান্স এবং সেক্রিটারিয়েল বিভাগসহ বিভিন্ন প্রতিষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে তিনি অভিজ্ঞতা অর্জন করেছেন। এ ক্ষেত্রে তাহার ২৭ বছরের কর্মঅভিজ্ঞতা আছে। ইহা ছাড়াও জনাব জামাল ভূইঁয়া জাতীয় ও আন্তর্জাতিক ওয়ার্কসপ এবং কর্পোরেট গভার্নেন্স এর উপর বিভিন্ন সেমিনারে অংশ গ্রহণ করেন। তিনি পিপলস্ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেডে ৬ বৎসর স্বতন্ত্র পরিচালক হিসেবে দায়িত্বপালন করেছেন। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক তিনি আজিজ পাইপস্ লিঃ এর স্বতন্ত্র পরিচালক এবং অডিট কমিটির চেয়ারপারসন এর দায়িত্ব পালন করছেন।

**ডঃ মোঃ মজিবর রহমান**
স্বতন্ত্র পরিচালক



ডঃ মোঃ মজিবর রহমান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮০ সালে পরিসংখ্যান বিষয়ে প্রথম শ্রেণীতে সম্মান এবং ১৯৮১ সালে একই বিষয়ে এমএসসি ডিগ্রি অর্জন করেন। তিনি ১৯৮৩ সালে বারডেম, ঢাকা বাংলাদেশ এ পরিসংখ্যানবিদ হিসেবে যোগদান করেন। ১৯৮৪ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে Lecturer হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পরিসংখ্যান বিভাগে Lecturer হিসেবে যোগদান করেন। ১৯৮৪ সালে বাংলাদেশ ধান গবেষনা ইন্টিটিউড থেকে কৃষি গবেষনার উপর পরিসংখ্যানিত ট্রেনিং প্রাপ্ত হন। পরবরর্তীতে তিনি ১৯৮৯ সালে যুক্তরাজ্যের এবারডিন বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান বিষয়ে পিএইচডি ডিগ্রী লাভ করেন। ১৯৯৫-১৯৯৬ সালে গ্রীসের ইয়োননিনা বিশ্ববিদ্যালয় থেকে Post Doctoral Research সম্পন্ন করেন। তিনি জানুয়ারি ১৯৯৯ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগে চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি আইসিআইটি এর পরিচালক, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, বিভিন্ন হলের প্রভোষ্ট এবৎ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সেক্রেটারী জেনারেলের দায়িত্ব পালন করেছেন। তিনি University of Benghazi, Libya G Department of Statistics বিষয়ে ১৯৯৯ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত অধ্যপনা করেছেন। এছাড়াও তিনি নিউজিল্যান্ড এর ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয়ে ওয়েলিংটন ও ওমানের সুলতান কাবোস বিশ্ববিদ্যালয়ে অধ্যপনা করেছেন। তিনি BSA, BAAS, ISOSS & ISA এর আজীবন সদস্য। এছাড়াও তিনি বিভিন্ন গ্রন্থের রচয়িতা এবং বিভিন্ন জার্নাল প্রকাশনা করেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের Journal of Sciences এর Chief Editor হিসেবে দায়িত্বরত আছেন। অধ্যপনা পেশায় তাঁর ৩৬ বৎসর অভিজ্ঞতা আছে। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক তিনি ১৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ থেকে আজিজ পাইপস্ লিঃ এর স্বতন্ত্র পরিচালক এর দায়িত্ব পালন করছেন।

**ডঃ মোঃ আব্দুস সালাম**
স্বতন্ত্র পরিচালক



ডঃ মোঃ আব্দুস সালাম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮২ সালে পরিসংখ্যান বিষয়ে সম্মান এবং ১৯৮৩ সালে একই বিষয়ে এমএসসি ডিগ্রি লাভ করেন। তিনি ১৯৮৬ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পরিসংখ্যান বিভাগে Lecturer হিসেবে যোগদান করেন। ১৯৮৯ থেকে ১৯৯০ সালে তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য এবং বিভিন্ন হল এর হাউজ টিউটর হিসেবে দায়িত্ব পালন করেন। পরবরর্তীতে জাপানের সিনসু বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯৬ সালে সমাজ বিজ্ঞানে মাষ্টার্স এবং ১৯৯৯ সালে জিফু বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী লাভ করেন। ২০০৩-২০০৫ সালে সিনসু বিশ্ববিদ্যালয় জাপান থেকে Post Doctoral Fellow ডিগ্রী লাভ করেন। তিনি ২০০৫ থেকে ২০০৮ সাল পর্যন্ত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান হিসেবে নিয়োজিত ছিলেন। বর্তমানে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগে প্রফেসর হিসেবে কর্মরত আছেন। তিনি BSA ও SAAA সংস্থার আজীবন সদস্য এবং Bangladesh Population Association, Association of Gerontology, Japan Forest Ecomonics Sociaty এর সদস্য। তিনি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে Mathematics and Physics বিভাগে অধ্যাপক হিসেবে কর্মরত আছেন। বিভিন্ন সময় তাহার গবেষণামূলক বিষয় প্রকাশিত হয়েছে। তিনি Ph.D Thesis তত্ত্বাবধান ও গবেষণামূলক কাজের মূল্যায়ন করে থাকেন। অধ্যাপনা পেশায় তাঁর ৩৭ বৎসর অভিজ্ঞতা আছে। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক তিনি ১৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ থেকে আজিজ পাইপস্ লিঃ এর স্বতন্ত্র পরিচালক